

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৮৭

১/ বিবিধ

আরবী

إذا صليت فصل في نعليك، فإن لم تفعل فضعهما تحت قدميك، ولا تضعهما عن يمينك، ولا عن يسارك فتؤذي الملائكة والناس، وإذا وضعتهما بين يديك كأنما بين يديك قبله  
منكر

رواه الخطيب في " تاريخ بغداد " ( 9 / 448 - 449 ) عن أبي خالد إبراهيم بن سالم حدثنا عبد الله بن عمران البصري عن أبي عمران الجوني عن أبي برزة الأسلمي عن ابن عباس مرفوعا. قلت: وهذا سند ضعيف علته إبراهيم هذا، قال الذهبي في " الميزان " : " قال ابن عدي: له مناكير ". ثم ساق له الذهبي حديثين منكرين، ثم قال: " وسئل أبو حاتم عن عبد الله بن عمران؟ فقال: شيخ ". وروي الحديث من طريق ثالث وهو: (الاتي)

বাংলা

৯৮৭। তুমি যখন সালাত আদায় করবে তখন তোমার জুতা দুটি পরিধান করেই সালাত আদায় কর। যদি তা না কর, তাহলে সে দুটিকে তোমার পায়ের নীচে রেখে দাও। তোমার ডান ও বাম দিকে রেখে না। কারণ তাতে ফেরেশতা ও লোকদেরকে তুমি কষ্ট দিবে। যদি তোমার সম্মুখে রাখো তাহলে তুমি যেন তোমার সামনে কিবলা রাখলে।

হাদীছটি মুনকার।

এটি আল-খাতীব "তরীখু বাগদাদ" (৯/৪৪৮-৪৪৯) গ্রন্থে আবু খালেদ ইবরাহীম ইবনু সালেম হতে তিনি

আবদুল্লাহ ইবনু ইমরান বাসরী হতে তিনি আবু ইমরান আল-জুনী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। তার সমস্যা এই ইব্রাহীম। যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেন, ইবনু আদী বলেছেনঃ তার কতিপয় মুনকার হাদীছ রয়েছে। অতঃপর হাফিয যাহাবী তার দু’টি মুনকার হাদীছ উল্লেখ করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71866>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন